

Date: 01-01-2026

Time: 1-40

PM

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় সরকার চারটি নতুন শ্রম কোডের জন্য খসড়া নিয়মাবলী সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করেছে।

২/ কলকাতা হাইকোর্টের নির্দেশে বাতিল হওয়া কোনও OBC সার্টিফিকেট, SIR-এর কাজে ব্যবহার করা যাবে না বলে নির্বাচন কমিশন নির্দেশিকা জারি করেছে।

৩/ নানা অনুষ্ঠান ও আনন্দ উত্সবের মধ্য দিয়ে চলছে নতুন বছরকে স্বাগত জানানোর পালা। # কল্লতরু উত্সব উপলক্ষে কাশীপুর উদ্যানবাটি, দক্ষিণেশ্বরে আজ ভক্তদের ভিড়।

৪/ পদার্থবিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর ১৩২-তম জন্মবার্ষিকী, আজ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে উদযাপিত হচ্ছে।

৫/ উত্তুরে বাতাসে ভর করে বছরের প্রথম দিনেও শীতের দাপট অব্যাহত।

কেন্দ্রীয় সরকার চারটি নতুন শ্রম কোডের খসড়া নিয়মাবলী সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই কোড গুলি হল, মজুরি কোড, ২০১৯, শিল্প সম্পর্কিত কোড, ২০২০, সামাজিক নিরাপত্তা কোড, ২০২০ এবং পেশাগত সুরক্ষা, স্বাস্থ্য ও কর্ম পরিবেশ কোড-২০২০। এই বিজ্ঞপ্তিতে শ্রমিক, মজুরি, কর্মসংস্থানের ধরন, গ্র্যাচুইটি, বোনাস এবং গিগ কর্মীসহ শ্রমিকদের সামাজিক নিরাপত্তার সংজ্ঞা ব্যাখ্যা করা হয়েছে। সরকার এই বিষয়ে জনসাধারণ এবং সংশ্লিষ্ট সব পক্ষের মতামত চেয়েছে। আগামী ৪৫ দিন খসড়া নিয়ামবলির ক্ষেত্রে যে কোন রকমের আপত্তি বা পরামর্শ পাঠানো যাবে।

উল্লেখ্য, বেশ কয়েক দশক পুরোনো শ্রম আইনগুলিকে আরও সহজ ও সুসংহত করার উদ্দেশ্যে শ্রম মন্ত্রক গত বছরের ২১শে নভেম্বর এই চারটি নতুন শ্রম কোড কার্যকর করার ঘোষণা করেছিল।

২০২৫ এ কেন্দ্রীয় সরকার দেশের উন্নয়নে যে পদক্ষেপ গুলি নিয়েছে তার মধ্যে অন্যতম হল নতুন প্রজন্মকে ব্যবসা করতে আগ্রহী করে তোলার প্রয়াস।

(একটি প্রতিবেদন-কাশফিন)

পয়লা ফেব্রুয়ারি থেকে তামাকজাত পণ্যের উপর অতিরিক্ত শুল্ক প্রযোজ্য হবে। পান মশলার উপর কার্যকর হবে নতুন সেস। কেন্দ্রীয় সরকার এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছে। তামাক এবং পানমশলার উপর নতুন এই শুল্ক, পণ্য ও পরিষেবা কর- জিএসটি হারের অতিরিক্ত এবং বর্তমান কম্পেন্সেশন সেসের পরিবর্তে তা কার্যকর হবে।

পয়লা ফেব্রুয়ারি থেকে, পান মশলা, সিগারেট, তামাক জাতীয় পণ্যের ওপর ৪০ শতাংশ এবং বিড়ির ওপর ১৮ শতাংশ পণ্য ও পরিষেবা কর জিএসটি ধার্য হবে। এছাড়াও পান মশলার ওপর স্বাস্থ্য ও জাতীয় সুরক্ষা সেস, এবং তামাক ও এই জাতীয় পণ্যের উপর অতিরিক্ত শুল্ক প্রযোজ্য হবে। উল্লেখ্য, গত ডিসেম্বর মাসে এসংক্রান্ত দুটি বিল অনুমোদন করে সংসদ।

কলকাতা হাইকোর্টের নির্দেশে বাতিল হওয়া কোনও ওবিসি সার্টিফিকেট, এসআইআরের কাজে ব্যবহার করা যাবে না বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এর দপ্তর থেকে জারি করা নির্দেশিকায় বলা হয়েছে, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী এসআইআর সংক্রান্ত শুনানির সময় কোন্ কোন্ ওবিসি শংসাপত্র গ্রহণযোগ্য হবে, সে বিষয়ে স্পষ্ট উল্লেখ করা হয়েছে। সেই অনুযায়ী ২০১০ সালের আগে জারি হওয়া এবং হাইকোর্টে চ্যালেঞ্জ না হওয়া ওবিসি শংসাপত্রগুলিই আইনত বৈধ হিসেবে গণ্য হবে। একই সঙ্গে নির্বাচন কমিশনের অনুমোদিত নথির তালিকাভুক্ত ২০১০ সালের পর জারি হওয়া এবং হাইকোর্টের অন্তর্বর্তী নির্দেশে স্থগিতাদেশ না থাকা শংসাপত্রগুলি শর্তসাপেক্ষে বিবেচিত হতে পারে।

মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর থেকে জেলা নির্বাচনী আধিকারিক, ইআরও এবং এইআরও-দের নির্দেশ দেওয়া হয়েছে, শুনানির সময় কোনও নথি গ্রহণের ক্ষেত্রে আদালতের নির্দেশ এবং নির্বাচন কমিশনের রূপরেখা কঠোরভাবে মানতে হবে। প্রয়োজনে সংশ্লিষ্ট শংসাপত্রের সত্যতা যাচাইয়ের জন্য অতিরিক্ত নথি তলব করা যাবে। পাশাপাশি, ভবিষ্যতে আদালতের কোনও নতুন নির্দেশ এলে সেই অনুযায়ী প্রক্রিয়ায় পরিবর্তন আনা হবে বলেও জানানো হয়েছে।

SIR প্রক্রিয়া নিয়ে মুখ্য নির্বাচন কমিশনার এবং পশ্চিমবঙ্গের মুখ্য নির্বাচনী আধিকারিকের বিরুদ্ধে পুলিশের কাছে এফআইআর দায়ের হওয়ার প্রেক্ষিতে নির্বাচন কমিশন কঠোর প্রতিক্রিয়া ব্যক্ত করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর থেকে জারি করা এক বিবৃতিতে এই অভিযোগগুলিকে পূর্বপরিকল্পিত, ভিত্তিহীন এবং আধিকারিকদের ভয় দেখানোর প্রচেষ্টা বলে অভিহিত করা হয়েছে। নির্বাচন প্রক্রিয়াকে চাপে ফেলে পথভ্রষ্ট করার উদ্দেশ্যেই এই ধরনের ভীতি প্রদর্শনের এই ধরনের কৌশল নেওয়া হয়েছে। যদিও সেই চেষ্টা সফল হবে না বলেও জানানো হয়েছে ঐ বিবৃতিতে।

উল্লেখ্য গত সোমবার পুরুলিয়ার পারা এলাকার চৌতলা গ্রামের বাসিন্দা দুর্জন মাঝি নামে এক বৃদ্ধের দেহ উদ্ধার হয় রেললাইনের ধার থেকে। সেই দিনই শুনানি কেন্দ্রে তার ডাক পড়েছিল। পরিবারের দাবি আতঙ্কে আত্মহত্যা করেছেন ঐ ব্যক্তি। পরদিনই মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগারওয়ালের বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের করেন মৃতের ছেলে।

নির্বাচন কমিশনের নির্দেশ মেনে গতকাল থেকেই বিশেষ কয়েকটি ক্ষেত্রে বাড়ি বাড়ি গিয়ে এসআইআর-এর শুনানি শুরু হয়েছে। ৮৫ বছর বয়সের বেশি গুরুতর অসুস্থ, অন্তঃসত্তা এবং বিশেষভাবে সক্ষম ভোটারদের সুবিধার্থেই নির্বাচন কমিশন বাড়ি গিয়ে শুনানি করার সিদ্ধান্ত নেয়। দক্ষিণ ২৪ পরগণার কাকদ্বীপ ব্লকে শ্রীনগর গ্রাম পঞ্চায়েতের ৪৭ নম্বর বুথের বাসিন্দা ৮৫ বছর বয়সী শয্যাশায়ী আলমবারি শেখের বাড়িতেই শুনানি সম্পন্ন হয়েছে। একইসঙ্গে ঐ পঞ্চায়েতেরই ৮৫ উর্ধ্ব বিশেষ ভাবে সক্ষম ভোটার মন্দাধাড়ারও বাড়িতে শুনানি হয়।

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা অটল ভারত: নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে একটি বছর। আইনজীবী দেবজিত সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

নতুন বছরের প্রথম দিনেই উত্সবের মেজাজে শহরবাসী। গতকালের মত আজও আলিপুর চিড়িয়াখানা, ভিক্টোরিয়া মেমোরিয়াল সহ কলকাতার দর্শনীয় স্থান এবং জেলার পর্যটন স্থলগুলিতে ভিড় করতে শুরু করেছেন বহু মানুষ। কোনোরকম অপ্রীতিকর ঘটনা এড়াতে শহর জুড়ে পুলিশের তরফে চলছে কড়া নজরদারি। এসপ্লানেড, পার্কস্ট্রীট, ময়দান, রবীন্দ্রসদন সহ বিভিন্ন মেট্রো স্টেশনে অতিরিক্ত RPF কর্মী মোতায়েন করা হয়েছে।

একাধিক রাস্তায় নিয়ন্ত্রণ করা হচ্ছে যান চলাচল। পশ্চিমবঙ্গ পরিবহন নিগম, আজ বিকেল তিনটে থেকে রাত সাড়ে আটটা পর্যন্ত **ইকো পার্কে** যাওয়ার জন্য স্পেশাল বাস পরিষেবা দিচ্ছে।

মুর্শিদাবাদের বিষুপুর কালিবাড়ি, কিরীটেশ্বরী মন্দির, ডাহাপাড়া ধামে সকাল থেকেই দর্শনার্থীদের ঢল। বিভিন্ন জায়গায় পিকনিকে মেতেছে কচিকাচারী।

বাঁকুড়ার শুশুনিয়া পাহাড়, জয়পুর জঙ্গল, পুরুলিয়ায় অযোধ্যা পাহাড়, মুরগুমা জলাধার, বামনি ফলস সহ রাজ্যের বিভিন্ন পর্যটন স্থলেই উত্সাহী মানুষের ভিড় লক্ষ্য করা যাচ্ছে। বিভিন্ন জায়গায় চলছে পিকনিক। সিনেমা হল, রেস্টোরাণ্টগুলিতেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে বাড়ছে ভিড়।

আমাদের প্রতিনিধির একটি প্রতিবেদন –

(ভয়েসকাস্ট- অভিজিৎ)

ইংরেজী নববর্ষের প্রথম দিনে আজ কল্লতরু উৎসব পালিত হচ্ছে। ১৮৮৬ সালে আজকের দিনেই ভক্তদের চৈতন্য দান করেছিলেন ঠাকুর শ্রী রামকৃষ্ণ। এই দিনই ঠাকুরের অনুগামীরা রামকৃষ্ণদেবকে ঈশ্বরের অবতার হিসাবে ঘোষণা করেন। এই উপলক্ষে উত্তর কলকাতার কাশীপুর উদ্যান বাটি, দক্ষিণেশ্বর মন্দিরে বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। কাশীপুর উদ্যান বাটিতে সকাল থেকেই ভক্তদের ভিড়। চলছে মঙ্গলারতি ও পূজো পাঠ। ভোর থেকেই খুলে গেছে দক্ষিণেশ্বর মন্দিরের প্রবেশ দ্বার। বিশেষ সাজে সেজে উঠেছেন মা ভবতারিণী। বেলুড় মঠ, কামারপুকুর, জয়রামবাটি, আদ্যাপীঠেও চলছে পূজার্চনা।

এছাড়াও রামকৃষ্ণ মিশনে বিভিন্ন মঠ ও মন্দিরেও ভক্তরা ভিড় জমিয়েছেন।

এদিকে, কল্লতরু উৎসব উপলক্ষে আজ ভোর ৪ টে থেকে রাত ১০ টা পর্যন্ত বি টি রোড ও কাশীপুর রোডে পণ্যবাহী যান চলাচলের ওপর নিষেধাজ্ঞা জারি করা হয়েছে।

এবছর ২৬ জানুয়ারি দিল্লীর লালকেল্লাতে ৭৭তম সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজে অংশ নিচ্ছেন পশ্চিম মেদিনীপুরের গড়বেতা এনসিসি ক্যাডেট, জিৎ নন্দী। গড়বেতার ব্যানার্জিডাঙা হাইস্কুলের একাদশ শ্রেণির কলাবিভাগের ছাত্র জিৎ, ইতোমধ্যেই দিল্লির উদ্দেশে রওনা হয়েছে। ৫৩ নম্বর বেঙ্গল ব্যাটালিয়নের ক্যাডেট জিৎ-এর কুচকাওয়াজে অংশগ্রহণে উচ্ছ্বসিত তার সহপাঠী থেকে শিক্ষক সকলেই।

এর আগে ২০২০ সালের সাধারণতন্ত্র দিবসে দিল্লির কুচকাওয়াজে অংশ নিয়েছিল এই স্কুলের আরও এক ছাত্র কিরণ দে।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ পদার্থবিজ্ঞানী সত্যেন্দ্রনাথ বসুর ১৩২-তম জন্মবার্ষিকী উদযাপিত হচ্ছে। দিনটি উপলক্ষ্যে বিভিন্ন কেন্দ্র ও প্রতিষ্ঠানে বিশেষ আলোচনা ও প্রদর্শনীর আয়োজন করা হয়েছে। কোয়ান্টাম থিওরি-র উদ্ভাবক এবং মাতৃভাষায় বিজ্ঞান চর্চার পথিকৃত সত্যেন্দ্রনাথ, ‘বিজ্ঞান পরিচয়’ নামে বাংলা ভাষায় একটি পত্রিকাও প্রকাশ করেন।

১৮৯৪ সালে আজকের দিনে কলকাতায় জন্মগ্রহণ করেন তিনি। পড়াশুনা, প্রেসিডেন্সি কলেজে। ১৯২৪ সালে তাঁর ‘প্লাঙ্ক’স ল’ অ্যান্ড লাইট কোয়ান্টাম হাইপথিসিস’, তাঁকে বিশ্বজোড়া খ্যাতি এনে দেয়। তাঁর নামানুসারে পরমাণু কণার নাম রাখা হয়- ‘বোসন কণা’। একাধিক বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনা করেন তিনি। ১৯৫৯ সালে ভারত সরকার তাঁকে জাতীয় অধ্যাপক হিসেবে ঘোষণা করে। পেয়েছেন দেশিকোত্তম ও পদ্মভূষণ সম্মান।

উত্তরে বাতাসে ভর করে বছরের প্রথম দিনেও শীতের দাপট অব্যাহত। দক্ষিণবঙ্গের অনেক জায়গার তাপমাত্রাই উত্তরবঙ্গের কালিম্পং-এর থেকে কম।

আজ দক্ষিণবঙ্গের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে কল্যাণী এবং শ্রীনিকেতনে ৭ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস। দুটি স্থানেই যা স্বাভাবিকের থেকে প্রায় চার ডিগ্রি মতন কম। অন্যদিকে উত্তরবঙ্গের সবথেকে কম তাপমাত্রা রেকর্ড করা হয়েছে রায়গঞ্জ নয় ডিগ্রি সেলসিয়াস। দার্জিলিং পাহাড়ি এলাকায় আজ তাপমাত্রা ছিল তিন দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস। সকালের দিকে কুয়াশাচ্ছন্ন থাকলেও বেলা বাড়ার সঙ্গে সঙ্গে কুয়াশা কেটে আকাশ রোদ ঝলমল। আগামী দুদিনে দক্ষিণ বঙ্গের ন্যূনতম তাপমাত্রা কিছুটা বাড়তে পারে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে তবে উত্তরবঙ্গে তাপমাত্রার বিশেষ হের ফের হবে না।
